

রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যাভবন

Internal Examination, December 2022

Semester 1, Paper: CC-2

পূর্ণমানঃ ২০, সময়ঃ ১ ঘন্টা

- ১। ক) 'দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে' শীর্ষক পদটি কোন পর্যায়ের অন্তর্গত? পদটির পদকর্তা কে? ২
অথবা,
- খ) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে' পদটি পদকর্তা কার সম্পর্কে লিখেছেন, তা সংক্ষেপে বিবৃত কর। ২
- ২। ক) শাক্তপদাবলীর চারজন পদকর্তার নাম উল্লেখ কর। ২
অথবা,
- খ) 'আমি কি হেরিলাম নিশি-স্বপনে'—কার রচিত কোন পর্যায়ের পদ? কে কাকে স্বপ্নে দেখেছেন? ২
- ৩। ক) "সরকার হইল কাল খিল ভূমি লিখে লাল/ বিনা উপকারে খায় ধুতি।"—'খিলভূমি', 'লাল', 'ধুতি' শব্দের অর্থ লেখো।
উদ্ধৃত পংক্তিটির তাৎপর্য লেখো। ২
অথবা,
- খ) 'চন্ডীমঙ্গল কাব্য' কাব্যটিকে কবি আরো কি নামে অভিহিত করেছেন? কালকেতু ও ফুল্লরা কে ছিল? ২
- ৪। ক) 'হেনমতে প্রভুর হৈল অবতার।/ আগে হরি সংকীর্তন করিয়া প্রচার।।'—কোন অধ্যায়ে কার সম্পর্কে এই উক্তি করা হয়েছে?
অথবা,
- খ) চৈতন্যভাগবতের রচনাকার কে? গ্রন্থটি কয়টি খন্ডে বিভক্ত? প্রথম খন্ডে কয়টি অধ্যায় আছে? ২
- ৫। যেকোন ২ টি প্রশ্নের উত্তর দাওঃ- ৬*২=১২
- ক) বৈষ্ণব পদাবলী অনুসারে গৌরাঙ্গবিষয়ক পদ ও গৌরচন্দ্রিকার পার্থক্য নিরূপণ কর, উদাহরণসহ।
- খ) 'আগমনী-বিজয়ার পদাবলী মাতৃহৃদয়ের গান'—আলোচনা কর।
- গ) মুকুন্দ চক্রবর্তী 'চন্ডীমঙ্গল'কাব্যের 'গ্রন্থোৎপত্তির কারণ' অংশে সেকালের রাজনৈতিক ও সামাজিক অত্যাচারের যে কাহিনী বলেছেন, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। প্রসঙ্গত বলো এই অরাজকতা সমগ্র বাংলার ছিল? ৪+২=৬
- ঘ) চৈতন্যভাগবতের আদিখন্ড অনুসরণে চৈতন্যের বিদ্যাবিলাস প্রসঙ্গটি নিজ ভাষায় বর্ণনা কর।